রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, অক্টোবর ১৩, ২০১৯

Downloaded from www.taxvatpoint.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

[ভ্যাট বিভাগ]

আদেশ

তারিখ : ১১ আশ্বিন, ১৪২৬ বঙ্গাব্দ/২৬ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ।

নং ২০/মূসক/২০১৯।—মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উহার ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৬ মোতাবেক ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মূসক এর মাধ্যমে প্রদত্ত মূল্য সংযোজন কর (মূসক) নিবন্ধিত শতভাগ সরাসরি রপ্তানিকারক, শতভাগ প্রচ্ছন্ন রপ্তানিকারক প্রতিষ্ঠান এবং রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল (ইপিজেড) এ অবস্থিত প্রতিষ্ঠান কর্তৃক উল্লিখিত প্রজ্ঞাপনে বর্ণিত মূসক অব্যাহতি সুবিধা গ্রহণের ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ পদ্ধতি নির্ধারণ করিল, যথা :

১। **প্রাকৃতিক গ্যাস, ওয়াসা ও বিদ্যুৎ বিতরণ সেবার মূসক অব্যাহতি গ্রহণের ক্ষেত্রে :**

(ক) প্রতিষ্ঠানটির কারখানা বা উৎপাদনস্থলে রপ্তানিকার্যে ব্যবহৃত মিটার নম্বরসহ সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কমিশনারের নিকট আবেদন করিতে হইবে ;

(খ) প্রতিষ্ঠানটি যে মাসের বিল হইতে আলোচ্য অব্যাহতি সুবিধা গ্রহণ করিতে আগ্রহী সেই মাসের ১৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কমিশনারের নিকট আবেদন করিতে হইবে ;

(গ) আবেদনপ্রাপ্তির পর কমিশনার সরেজমিনে রপ্তানি কার্যক্রম পরীক্ষাপূর্বক আবেদনকারী প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, মূসক নিবন্ধন নম্বর ও দাখিলপত্র যাচাইপূর্বক সন্তুষ্ট হইলে সুনির্দিষ্ট মিটারের বিপরীতে মূসক অব্যাহতি কার্যকর হওয়ার আদেশ জারি করিবেন এবং উহা সংশ্লিষ্ট সেবা প্রদানকারী কর্তৃপক্ষকে অবহিত করিবেন। যেই মাসের বিল হইতে আলোচ্য অব্যাহতির সুবিধা প্রযোজ্য হইবে সেই মাসের নাম উক্ত আদেশে সুস্পষ্টরূপে উল্লেখ করিতে হইবে ;

মূল্য : টাকা ৪.০০

Downloaded from www.taxvatpoint.com

(ঘ) যেই ক্ষেত্রে সেবা প্রদানকারী কর্তৃপক্ষ সরাসরি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নামে বিল ইস্যু না করিয়া ইপিজেড কর্তৃপক্ষের নামে বিল ইস্যু করে, সেই ক্ষেত্রে ইপিজেড কর্তৃপক্ষ ইহার আওতাভুক্ত সকল প্রতিষ্ঠানের নামে পৃথক পৃথক ভাবে উল্লিখিত সেবার ব্যবহার ও বিলের পরিমাণ সুস্পষ্টভাবে উল্লেখপূর্বক একটি প্রত্যয়নপত্র প্রদান করিবে এবং সংশ্লিষ্ট কমিশনার উক্ত প্রত্যয়নপত্রের ভিত্তিতে প্রত্যয়নপত্রে বর্ণিত প্রতিষ্ঠানের রপ্তানি কার্যক্রম সন্তোষজনক হইলে মূসক অব্যাহতি সুবিধা প্রদান করিবেন :

তবে শর্ত থাকে যে, সেই ক্ষেত্রে যেই সেবা ইপিজেড কর্তৃপক্ষ নিজে ব্যবহার করে সেই সেবাসমূহের ক্ষেত্রে অব্যাহতি সুবিধা প্রযোজ্য হইবে না এবং যথারীতি মূসক পরিশোধ করিতে হইবে ;

(ঙ) কোনো ক্ষেত্রেই রপ্তানিকারক প্রতিষ্ঠানের কারখানা বা উৎপাদনস্থল ভিন্ন অন্যকোনো অফিসে ব্যবহৃত সেবার ক্ষেত্রে মূসক অব্যাহতি প্রযোজ্য হইবে না ;

(চ) একই মিটার যদি একাধিক প্রতিষ্ঠান ব্যবহার করে যাহার প্রত্যেকটি প্রতিষ্ঠান রপ্তানি পণ্য উৎপাদান করেনা তাহা হইলে বিদ্যুৎ বিলের উপর প্রযোজ্য মূসক পরিশোধ করিতে হইবে অর্থাৎ এই ক্ষেত্রে মূসক অব্যাহতি প্রযোজ্য হইবে না।

২। বন্দর, ফ্রেইট ফরোয়ার্ডার্স, ক্লিয়ারিং ও ফরোয়ার্ডিং সংস্থা, বীমা কোম্পানি ও শিপিং এজেন্ট সেবার উপর প্রযোজ্য মূসক অব্যাহতি গ্রহণের ক্ষেত্রে আমদানি বা শুল্ক স্টেশন সংশ্লিষ্ট কর্তৃপক্ষ (যেমন: বন্দর) বা সংস্থা (যেমন: ফ্রেইট ফরোয়ার্ডার্স, ক্লিয়ারিং ও ফরোয়ার্ডিং সংস্থা, বীমা কোম্পানি ও শিপিং এজেন্ট), রপ্তানিকারক প্রতিষ্ঠানের মূসক নিবন্ধনপত্র, দাখিলপত্র এবং অন্যান্য দলিলাদি (যথা: বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল কর্তৃপক্ষ বা অনুরূপ সংস্থার নিবন্ধনপত্র, সংশ্লিষ্ট রপ্তানিকারক এসোসিয়েশনের সদস্য হিসেবে সনদ ইত্যাদি) পরীক্ষান্তে প্রতিষ্ঠানের প্রকৃতি সম্পর্কে নিশ্চিত হইয়া (প্রতিষ্ঠানটি প্রকৃতপক্ষে শতভাগ সরাসরি রপ্তানিকারক/প্রচ্ছন্ন রপ্তানিকারক/ইপিজেড এ অবস্থিত প্রতিষ্ঠান কিনা) সংশ্লিষ্ট কমিশনার মূসক অব্যাহতির সুবিধা প্রদান করিবেন।

৩। মূসক অব্যাহতির সুবিধাভোগী প্রতিষ্ঠান প্রতি কর মেয়াদের মূসক দাখিলপত্রের (ফরম মূসক-৯.১) সহিত এইরূপে অব্যাহতি প্রদত্ত মূসক সংশ্লিষ্ট তথ্য **পরিশিষ্ট-ক** এ বর্ণিত ছকে বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসনের প্রমাণপত্র Proceeds Realization Certificate (PRC) সহ কর মেয়াদ পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে প্রেরণ করিবে।

৪। স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় প্রতি মাসে এইরূপ সুবিধাভোগী প্রতিষ্ঠানের তথ্য বিরবণী **পরিশিষ্ট-খ** এ বর্ণিত ছকে মূল্য সংযোজন কর, বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করিবেন।

৫। বিভাগীয় কর্মকর্তা, মূল্য সংযোজন কর, উক্তরূপ মূসক অব্যাহতি সুবিধাভোগী প্রতিষ্ঠানের ক্ষেত্রে তথ্য যাচাইপূর্বক বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসন বিষয়ে বা অন্য কোন বিষয়ে অসামঞ্জস্যতা পাইলে উক্ত অসামঞ্জস্যতা এর বিষয়ে কারণ দর্শানো নোটিশ ও যথাযথ শুনানির সুযোগ প্রদানপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে কমিশনারের নিকট অব্যাহতির সুবিধা বাতিলের সুপারিশ করিলে কমিশনার প্রয়োজনে শুনানী গ্রহণপূর্বক তাহা বাতিল করিতে পারিবেন।

৬। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে এই আদেশ জারি করা হইল।

Downloaded from www.taxvatpoint.com

পরিশিষ্ট-ক

গ্যাস, ওয়াসা এবং বিদ্যুৎ বিতরণ সেবার ক্ষেত্রে মূসক অব্যাহতির প্রতিষ্ঠানওয়ারী বিবরণী

মাস:.....

ক্রমিক নং	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	প্রতিষ্ঠানের মূসক নিবন্ধন নম্বর	পণ্য উৎপাদনকার্যে ব্যবহৃত মিটার নম্বর	বিল নং ও তারিখ	বিলের মেয়াদ	বিলের পরিমাণ (মূসক বাদে)	মোট প্রদেয় মূসক	মন্তব্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)

ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা কর্তৃপক্ষের
নাম, স্বাক্ষর ও তারিখ

পরিশিষ্ট-খ

মূল্য সংযোজন কর সার্কেলের নাম:.....

গ্যাস, ওয়াসা এবং বিদ্যুৎ বিতরণ সেবার ক্ষেত্রে মূসক অব্যাহতির প্রতিষ্ঠানওয়ারী বিবরণী

মাস:.....

ক্রমিক নং	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	প্রতিষ্ঠানের মূসক নিবন্ধন নম্বর	সেবা/বিল প্রদানকারী দপ্তরের নাম ও ঠিকানা	মোট বিলের সংখ্যা	বিলের মেয়াদ	বিলের পরিমাণ (মূসক বাদে)	মোট প্রদেয় মূসক	মন্তব্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)

রাজস্ব কর্মকর্তার মন্তব্য

স্বাক্ষর ও তারিখ

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ তারেক হাসান
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com